

মুচিরাম সরেন

নেউল আর সাপ

অনুবাদ: সুহাদকুমার ভৌমিক

১. পাহাড়ের আড়ালের পাদদেশে যখন মোচড় খায় সাপ
নেউলের জিভে লালা তা দেখে লোভে ঝরে পড়ে;
আর বলে তৈয়ারি চালের ভাত পেয়ে গেছি মনের মতন।
এবং অলক্ষ্যে শকুন যেন বলে, হলেই উচ্ছিষ্ট অংশ
জীবনের পূর্ণানন্দ অনুভূত হবে।
২. পাকা টক তেঁতুলের গাছ আর মিষ্ট তেঁতুলের গাছ
পরস্পরকে খোঁজ করে।
কিন্তু উভয় তেঁতুলই খাওয়ার পর ছাই আর পাঁশ হয়ে যায়।
নেউল সাপকে খায় সত্য
কিন্তু তারপর জীবনকে শকুন শীতল করে তোলে॥
৩. তেঁতুলের গাছ থেকে মিহি পাতা ঝর ঝর করে ঝরে যায়।

ধীরেন্দ্রনাথ বাস্ক

লোকসঙ্গীত

অনুবাদ: অনিল ভট্টাচার্য

আদিম যুগে কেটে বন
কে করেছিল ঘরের পত্তন?
এ যুগেই সূচনা হয় বসতি স্থাপন।
প্রাতঃ স্মরণীয় তিনি 'মারাং বুরু'
জাহের এয়ারার নাম সতত কীর্তন।
ধীরে ধীরে গড়ে উঠে নগর—
বাজার-হাট, চণ্ডীমঙ্গল কাব্যে
তার সমাচার রয়েছে লিখন।

রূপচাঁদ হাঁসদা

আকাশ

সাদা মেঘ কালো মেঘ
আকাশের নীচে, পৃথিবীর ওপরে
ঘুরে বেড়ায়, উড়ে বেড়ায়
বাতাসের বাসা ওখানে
বাসা জলেরও
পৃথিবী থেকে যায় ওখানে
এবং থাকে সেখানে
জল আর হাওয়া নিয়ে
ঘুরে বেড়ায় ধরিত্রীর চতুর্দিক।

ঘুরে যায় সময়ের চাকা
আসে গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত
শীত এবং বসন্ত।

মেঘ আর মাটির খেলায়

পুষ্ট হয়, পরিষ্কার হয় নিজে নিজে।
সহায়ক সূর্য, চন্দ্র, গ্রহ নক্ষত্র
পশু পাখি আর মানুষ।

সব কিছু দেখা যায় শোনা যায়
শুধু দেখা যায় না সবথেকে বড়টাকে
বিস্তৃত বিশাল
যা দিয়ে সব কিছু ঢাকা যায়
সুবিন্যস্ত আকাশ।